

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd


নং- ৫২.০০.০০০০.০১০.২২.০০৩.২০-২৮

তারিখঃ ০৪ মাঘ ১৪২৭
১৮ জানুয়ারি ২০২১

বিষয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর ইন্ডিকেটর অনুযায়ী
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কে অনুষ্ঠেয় ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর ইন্ডিকেটর অনুযায়ী SID এবং BBS এর এর সমন্বয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কে গত ১১/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।


মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

- ০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর ইন্ডিকেটর অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১১ জানুয়ারি ২০২১ খ্রিঃ
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
সভাপতি : মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট “ক” সংযুক্ত

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্য বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) বলেন যে, APA এর ইন্ডিকেটরে অংশীজনদের নিয়ে ৪টি সভা করার উল্লেখ থাকায় গত ২৯/১০/২০২০ তারিখে ১ম সভায় অনুষ্ঠিত হয়। তিনি উক্ত সভার সিদ্ধান্তসমূহ সহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

- (ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স নিয়মিত আপডেট করে রাখতে হবে।
- (খ) জাতীয় শুদ্ধাচার কৌশলের উত্তম চর্চার নতুন নতুন উদ্ভাবনের জন্য SID এবং BBS-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের তৎপর হতে হবে।
- (গ) উত্তম চর্চার অংশ হিসেবে অফিসের নিজ কক্ষ ত্যাগ করার আগে এসি/লাইট/ফ্যান বন্ধ রাখার বিষয়ে আরও বেশি সচেতন হতে হবে। এ বিষয়ে SID এবং BBS-এর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঘ) BBS কর্তৃক প্রকাশিত বিক্রয়যোগ্য পুস্তক সমূহের মূল্য ওয়েবসাইটে রাখার জন্য BBS প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঙ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ইনোভেশন, APA, সিটিজেন চার্টার-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সমন্বয়ে বিবিএস-কে একটি ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (চ) প্যাড, কলম, ফোল্ডার ইত্যাদি বিষয়ের উপর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাম, লোগো সন্নিবেশ করার জন্য প্রশাসন-২ শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- (ছ) নির্দিষ্ট সময়ে সভা শুরু ও শেষ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন হতে হবে।
- (জ) ADP বাস্তবায়ন অগ্রগতি ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত ১৪.১৩%। বাস্তবায়ন অগ্রগতি বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে আরও তৎপর হতে হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব